

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।

ফোন : ০৮৬১-৫২২২০, ফ্যাক্স : ০৮৬১-৬২১৭৬

Website : <http://www.mbgc.gov.bd/> / e-mail : mbgovtcollege@yahoo.com

<https://www.facebook.com/moulvibazargovtcollegeofficial>

সূত্র : মৌসক/২০২২/

তারিখ : ২৩/০৩/২০২২খ্রি.

‘মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী-২০২২’ উদযাপন উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতা সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.০২৩.০০৪.২১-৭৯৩০/৩, তারিখ- ২২ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ এর আলোকে মৌলভীবাজার সরকারি কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ২৬ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ তারিখ ‘মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২’ উদযাপন উপলক্ষে মৌলভীবাজার সরকারি কলেজ কর্তৃক স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নিম্নলিখিত প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

ক গ্রুপ : একাদশ-দ্বাদশ শ্রেণি এবং খ গ্রুপ : স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের উক্ত প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সময়সূচি ও স্থান	প্রতিযোগিতার বিষয়বস্তু ও নিয়মাবলী
২৬ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ সকাল ০৯.০০ ঘটিকা ১১৭ নম্বর কক্ষ	বিতর্ক প্রতিযোগিতা : ক গ্রুপ : ‘সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারই বর্তমান তরুণ সমাজের নৈতিক অবক্ষয়ের প্রধান কারণ’ খ গ্রুপ : ‘একমাত্র মানব সম্পদের উন্নয়নই ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম’
২৬ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ সকাল ০৯.০০ ঘটিকায় ১১৭ নম্বর কক্ষে জমা দিতে হবে	রচনা প্রতিযোগিতা : বিষয় : ক গ্রুপ : ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ডিজিটাল বাংলাদেশের অগ্রগতি’ : ১০০০ শব্দের মধ্যে। বিষয় : খ গ্রুপ : ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা’ : ১২০০ শব্দের মধ্যে। শিক্ষার্থীদের সাদা কাগজের এক পাশে স্বহস্তে লিখতে হবে। প্রথম পাতায় নাম, শ্রেণি, বিভাগ, রোল, শিক্ষাবর্ষ ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
২৬ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ সকাল ০৯.০০ ঘটিকা ১১৮ নম্বর কক্ষ	চিত্রাঙ্কন প্রতিযোগিতা : ক গ্রুপ : ‘বঙ্গবন্ধুর সোনার বাংলা’ খ গ্রুপ : বঙ্গবন্ধু ও বাংলাদেশ শিক্ষার্থীদের লিগ্যাল সাইজের আর্ট পেপার এবং যে কোন মাধ্যমে (পেনসিল স্কেচ, প্যাস্টেল জল রং) ছবি আঁকার সরঞ্জাম সঙ্গে নিয়ে আসতে হবে

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মৌলভীবাজার সরকারি কলেজ

মৌলভীবাজার।

(রুখসানা সুলতানা)

সম্পাদক

শিক্ষক পরিষদ

মৌলভীবাজার সরকারি কলেজ

মৌলভীবাজার।